ডায়মণ্ড কমিকস্
364 Rs. 10.00
U.S. $ 0.30
প্রাণ
চাচা চৌধুরী আর
রাকার জবাব
www.Banglapdfboi.com Exclusive!

The heart throb of millions of comic strip lovers, cartoonist Pran was born in a small town, Kasur, now in Pakistan. After completing his M.A. in Pol.Sc. and studying Fine Arts, he started his cartooning career in 1960.from Daily Milap.

During those days foreign comics were being published all over the country. Young Pran created comics having Indian characters and on local themes. His characters CHACHA CHAUDHARY, SABU, SHRIMATIJI, PINKI, BILLOO and RAMAN have become phenomenal success one after the other.

Winner of the People of the Year Award 1995, instituted by Limca Book of Records, his two episodes of CHACHA CHAUDHARY series have been acquired by International Museum of Cartoon Art, USA. In 1983 Prime Minister Mrs. Indira Gandhi released his comic book, 'Raman - United We Stand.'

The reason for the popularity of Pran's characters is that they present simple and straight humour which directly tickles the laughter nerve of the reader.

Publisher

চাচা চৌধুরী আর রাকার জবাব

প্রাণ

coke
AGENT
KITCHEN WARES
III & SONS
CLOTH

একটা গাড়ী শহরের এক জনবহুল এলাকার রাস্তা দিয়ে এগিয়ে যেতে থাকে—

এখানে ভাল অলংকারের দোকান কোথায় আছে?

ড্রাইভার! এখানে গাড়ীটা থামাও তো!
LAMP
Jeans

স্যার! আপনি কি চান? কি দেখাব আপনাকে?
আমাকে তোমার মালিকের কাছে নিয়ে চলো!

আসুন! আপনি এখানে সোনা, হীরে আর মুক্তোর তৈরী গয়নার সুন্দর-সুন্দর ডিজাইন পাবেন!

শেঠজী! আমি বেশ কিছু ডিজাইনের গয়না কিনতে চাই।
আচ্ছা! তাহলে আপনার বাড়ীতে বিয়ে আছে?

না! আমি প্যারিসের এক বড় ফার্মের প্রতিনিধি হয়ে এসেছি! আমরা একশো কোটি টাকার গয়না ইমপোর্ট করব.
একশো কোটি??

ইউরোপের দেশগুলোতে ভারতীয় অলংকার খুব জনপ্রিয় হচ্ছে! আমার বস মি. কনসাল গ্রান্ড হোটেলে এসে উঠেছেন। আপনি কাল ওখানে গিয়ে এগ্রিমেন্ট করে নেবেন!

এই কনট্রাক্টে আমার বেশ লাভ হবে!

আমি কালই আপনাদের ওখানে যাচ্ছি!

মনে রাখবেন, চান্স জীবনে কেবল একবারই আসে!

শেঠ সুখলাল! এই বেল্টটা পড়ে নাও!
পাল্টা প্রশ্ন করবে না!
ক্...কেন?

পরে নাও বলছি!
গুড! এই বেল্টের সাথে লাগানো খাপটার ভেতরে বোমা আছে। এর রিমোট কন্ট্রোল আমার হাতে এই দেখ! তোমাকে আমাদের সাথে যেতে হবে!

আমাদের হাতে বেশী সময় নেই! তাড়াতাড়ি পৌঁছতে হবে ওখানে!

কনসাল! শেঠ সুখলালকে ছেড়ে দাও! পঁচিশ কোটি টাকা এই বাক্সে আছে! এখানে এসে গুনে নাও!
হো!হো!! তোমরা সবাই দূরে চলে যাও. ট্রাকটাকে ওখানেই ফেলে রেখে যাও!
ছুঁচোর দল! বড় বড় কথা বলছিস? তোদের হাড়-পাঁজরা ভেঙে গুঁড়ো করে ফেলব!

সাবু! এখন ওদের কথামত কাজ করো! বন্দীর কোমরের বেল্টে বোমা বাঁধা আছে, যার রিমোট কনসালের হাতে রাখা আছে!

টাকা হাতানো কত সহজ দেখলে! বাক্স খুলে নোটগুলো একবার দেখি তো!

তড়াক!
ঘেউ ঘেউ উ!
ওহোহ!

রিমোট কন্ট্রোলটা আমার কুকুর রকেট নিয়ে এসেছে! তুমি হেরে গেলে!
এখন নয়!
স্টেনগান চালিয়ে ওদেরকে ঝাঁজরা করে দাও!
www.Banglapdfboi.com Exclusive!

র‍্যাট্! র‍্যাট্!! র‍্যাট্!!!
র‍্যাট্! র‍্যাট্!!

ছুঁচো!
আউ উ!

এই খুলে ফেলে দিলাম বোমা-বেল্ট

আমি এখনও
তোমাকে যমপুরীতে
পাঠিয়ে দিতে পারি!

ধড়াকক্!
সঠিক নিশানায়
গিয়ে লেগেছে!

আমাদেরকে
কোথায় নিয়ে
যাচ্ছ?
লালবাজারে! কিছু দিন
শ্রীঘরের হাওয়া খাও তোমরা!

কিছু দিন পর—
চা নাও!
গিন্নী! চায়েতে চিনি কেন দেও? তোমার
হাতের স্পর্শেই তো চা মিষ্টি হয়ে যায়!

ঠাট্টা-তামাশায়
চাচাজীও কম
যায় না!

ওহো হ! আমার সোফা কাঁপছে! গিন্নী ড্যান্স করছে না তো?

আমি বসে আছি আর আমার বিছানাটাও কাঁপছে!
www.Banglapdfboi.com Exclusive!

এটা ভূমিকম্প হচ্ছে!

পালাও!

আর মাঝ সমুদ্রে —
ক্যাপ্টেন! ওয়েদার খারাপের দিকে যাচ্ছে!

আর তারপরেই সামুদ্রিক ঝড়ে —
ওহো হ! জাহাজটা সমুদ্রের ঢেউয়ের মধ্যে পড়ে ভেলার মত দুলছে!
www.Banglapdfboi.com Exclusive!

উত্তাল সমুদ্রের তোলপাড়ে কাচের কফিনে শায়িত রাকা ওপরে উঠে আসে–

আর তখনই একটা উঁচু ঢেউ এসে সেটাকে সমুদ্রের তীরে এনে ফেলে দেয়—

কড়াক্ কড়্!
মাটিতে আছড়ে পড়েই সেই কফিন ভেঙে যায়—

ওহো হ! এক যুগ পরে আবার আমি শুদ্ধ হাওয়ায় শ্বাস নিলাম!
© PRAN'S FEATURES

জগদ্বাসী! আমি রাকা, তোমাদের ওপর কর্তৃত্ব করতে এসে গেছি!
আমি এখন ক্ষুধার্ত! সবার আগে খাবার যোগাড় করতে হবে আমাকে!
www.Banglapdfboi.com Exclusive!
আজকের ঝড়টা ছিল খুব তীব্র!
হ্যাঁ, দময়ন্তী! মনে হচ্ছে, ঝড় এখন থেমে গেছে!
হ্যাঁ! বাইরে এসে দেখ! আকাশ পরিষ্কার হয়ে গেছে, সমুদ্র শান্ত!
তখনই—
ওহোহ! কে?

আমার স্বামীকে ছেড়ে দাও! তুমি যা চাইবে তাই আমি দেব!
BanglaPdf.net.com

আমি পেটপুরে খেতে চাই!

এই টুকু! আরও নিয়ে এসো!
চুপচাপ দাঁড়িয়ে থাকো

ঢকঢক গড়ড়ড়!

ফরফররর!

ভেতরে পালাও!
ও খুব নিষ্ঠুর!

আমি দরজা-জানলা বন্ধ করে দিয়েছি!
এখানে আমাদের ভয় নেই!

এই আগুন ওদের বাড়ী জ্বালিয়ে দেবে!

আগুন!
বাড়ীতে আগুন লেগেছে! বাইরে বেরোতে হবে!

বাঁচাও! রক্ষা করো!

বেচারী দুজন পুড়ে মারা গেছে! বাড়ীটা পুড়ে ছাই হয়ে গেছে!
আমাকে এবার সামনে এগিয়ে যেতে হবে!

পোঁপোঁ! পোঁপোঁ!
ঐ মূর্খটা রাস্তার মাঝখান দিয়ে হেঁটে যাচ্ছে!

ধড়াক্কক!

আমাকে ধাক্কা মেরে ফেলে দিল?

গাড়ীটা ধাক্কা মেরে পালাবার চেষ্টা করছে! ও এই বদমাশির সাজা পাবে।

এই ভারী পাথরটা এবার কাজে লাগাই!

খড়ড়ড়!
গাড়ীটা এবার একেবারে অচল হয়ে পড়বে!

আর গাড়ীটায় সঙ্গে-সঙ্গে আগুন ধরে যায়।

লোকেরা জানে না যে রাকার রাগ তুফানের চেয়ে বেশী ভয়ঃকর হয়।
হোটেল

রুক্কা! ঐ লোকটার কি স্বাস্থ্য দেখেছিস!
মুক্কা! এমন লোককে বাদশার খুব পছন্দ হয়!
কি? আমাদের চীফ বাদশার কাছে যাবে? ধনী হয়ে যাবে তুমি!

কোথায় আছে সে?
ঐ ট্রাকে উঠে পড়ো!

এ আমাদের সাথে কাজ করতে রাজি হয়ে গেলে আমাদের সবার লাভ হবে!

চীফ বাদশা
সত্যিই তোমার মত লোককেই আমি খুঁজছিলাম! আমি তোমাকে সবকিছু দেব। কি নাম তোমার?
রাকা! কাজ বলো!

সমুদ্রপথে শাহেনশা নামে একটা জাহাজ হীরে স্মাগলিং করে আনছে! তোমার কাজ হল সেই সব হীরে কাস্টমস অফিসারদের হাত থেকে বাঁচিয়ে আমার কাছে নিয়ে আসা!
আমাকে কতটা হিস্যে দেবে?
তোমাকে দশ কোটি টাকা বখশিশ দেব!
রাজি আছি!

ভেতরে গিয়ে ময়লা কাপড় ছেড়ে নতুন কাপড় পরো!

আসুন! সব রকমের পোশাক আপনি এখানে পাবেন!

কিছু সময় পর—
বাহ হ! এবার তোমাকে মানুষের মতন লাগছে!
মুক্কা! রাকাকে সমুদ্রের তট পর্যন্ত পৌঁছে দিয়ে এসো!

তোমার কপালটা ভাল! এত টাকা পাবে যে সারাটা জীবন আরামে কাটাবে!

সামনে সমুদ্র এসে গেছে। নামার জন্য তৈরী হও!

আরও দূরে যেতে হবে!

ওই যে সেই জাহাজ শাহেনশা, যার কথা বাদশা বলছিল!
SHA

দূরে থাকো, নইলে...
আমাকে বাদশা মাল নিতে পাঠিয়েছে!
SHAHENSHAH
তাহলে ওপরে উঠে এসো!

ওরা আমাকে বিশ্বাস করে নিয়েছে!

এই হল কোটি-কোটি টাকার হীরে! এটাকে নিয়ে গিয়ে চীফ বাদশার হাতে দিতে হবে।

স্যার! হীরের বাক্সটা ওর হাতে তুলে দেবার আগে ওর কাছে কোড ওয়ার্ডটা সে একবার জেনে নিন! আসলে লোক কিনা বোঝা যাবে।

তুমি ঠিকই বলেছ!

তুমি কোড ওয়ার্ডটা বলো

ওহো! ওটা আমি ভুলে গেছি! ওটা এমন একটা শব্দ ছিল, যেটা আকাশে থাকে– মনে পড়েছে – **চাঁদ!**

ভুল বললে!

অবাক কাণ্ড! আমরা স্টেনগানের সমস্ত গুলি ওর ওপর চালিয়ে দিলোম, তবুও ও মরল না?
কারন আমি চক্রমাচার্যের চমৎকারী ওষুধ খেয়েছি! রাকা মরতে পারে না। রাকা হল অমর!
www.Banglapdfboi.com Exclusive!

ওই হীরের বাক্সটা এদিকে দাও!

অররর! ছেড়ে দাও!
'মৃত্যু'-এই শব্দটা রাকার অভিধানে নেই!

যাও!
জলে ডুবে মরো!

আমি এই জাহাজের কমাণ্ড হাতে নিচ্ছি। তটের দিকে এটাকে নিয়ে চলো!
ইয়েস স্যার!

জাহাজটা আবার তটের দিকে এগিয়ে চলে!
সমুদ্রের ঠাণ্ডা হাওয়ায় শরীরটা জুড়িয়ে যাচ্ছে!
SHAHENSHAH

তট এসে গেছে!
আমাকে চীফ বাদশার কাছে যেতে হবে!
SHANE

থামাও! এই দিক দিয়ে স্মাগলিং খুব হয়! আমরা তোমার তল্লাশী নিতে চাই!

ছুঁচো! এটা বলার সাহস তোর কি করে হল?

অফিসারকে ছেড়ে দাও বলছি নয়তো গুলি করতে বাধ্য হব!

এবার আমি শুরু করি!
আউ উ!
তুইও যা দেখি!
www.Banglapdfboi.com Exclusive!

আমি জানতাম যে তুমি কাস্টম অফিসারদের হাত থেকে বেরিয়ে আসবে। চীফ বাদশা তোমার জন্য ট্রাক পাঠিয়েছে!
চল, যাই!

আমি ওখানে কোড ওয়ার্ড ভুলে গেছিলাম!

এর মানে তুমি হীরে নিয়ে আসনি? চীফ্ বাদশা অপদার্থ লোককে পছন্দ করে না!

রাকা কখনও ব্যর্থ হয়নি! এসো, ভেতরে যাই!

বাদশা! এই নাও তোমার সেই
হীরে!
এগুলোর দাম হল কোটি কোটি টাকা!
www.Banglapdfboi.com Exclusive!

আমার হিস্যে?
ধৈর্য্য ধরো! দিচ্ছি!

এই নাও তোমার বখশিশ! এর গুলিতে হাতীও বাঁচে না!
ঠাঁয়! ঠাঁয়!! ঠাঁয়!!!

তোমার পালা শেষ হয়েছে? এবার আমার পালা শুরু করি তাহলে?
না!! আমি তোমাকে সমস্ত হীরে দিয়ে দেব!
কথায় বলে শত্রুর ওপর দয়া দেখানোটা হল মূর্খামি!

এও দেখছি বড় হবার দিবাস্বপ্ন দেখতে শুরু করেছে।
কলেগী!
আমার শত্রু বাদশার লোক এদিকে কেন?
গুলি কোর না!

রাকা নামে একজন নতুন লোক এসেছে। ও চীফ বাদশাকে মেরে ফেলেছে। তোমাকে ডেকেছে ও!

বাদশার মত ভয়ংকর লোককে যে মেরেছে, সে খুব শক্তিশালীই হবে!

ওদিকে —
হা! হা!!
গিন্নী! খিদে পেয়েছে! কখন খেতে দেবে?
কিছু সময় পর ভিখারী রুটি চাইতে আসবে! ওকে খেতে দেবার সময় তুমিও খেয়ে নিও!

ভিখারী এসে পড়েছে। তুমিও খাবার খেয়ে যাও!

না, গিন্নী! ঐ পিশাচটাকে বাধা দিতে না পারলে অনেকের প্রাণ চলে যাবে।

ডগডগ! জোরে চলো!
(ফুঁ-রু-রু)
www.Banglapdfboi.com-Exclusive!

স্যার! ট্রাক নম্বর ট্রিপল জিরো ওভার স্পীডে যাচ্ছে!
ক্রাইম
ঐ নম্বরটা চাচা চৌধুরীকে স্পেশালী অ্যালট করা হয়েছে! নিশ্চয়ই কোন জরুরী ব্যাপার হবে। রিলাক্স!

চাচাজী! রাকার খোঁজ তুমি কিভাবে পাবে?

ও হল একটা ডাকাত! কোন ব্যাংক লুঠ করার প্ল্যান নিশ্চয়ই আঁটছে ও'

রাকা! এই যে কলসী এসে গেছে!
গুড!

আমি একজন স্বৈরাচারী রাজা হতে চাই!
এই আশাটা ছেড়ে দাও! ইতিহাসে আছে যে হিটলার, মুসোলিনি আর পলপতের মত শাসকরা যারা এই স্বপ্ন দেখেছিল, সবাই ধ্বংস হয়েছে!

কলগী! আমার ওপর গুলি চালাও।
কি? কি??
যা বলছি তাই করো।

রাকা স্বৈরাচারী রাজা হয়ে পড়লে আমাকে কি পদে বসাবে?
ট্রান্সপোর্ট মিনিস্টার!
TV
স্টোর্স

ব্যাংক
এসো!

ব্যাংকের ভেতরে হাতিয়ার নিয়ে যাওয়া নিষেধ!
ওয়ো!

স্ট্রংরুমের সব চাবি দিয়ে দাও!
?!!

আহা! শুধু টাকার বাণ্ডেল!
এই টাকা দিয়ে আমরা আরও লোকজন নিয়োগ করব!

ট্রাকে উঠে পড়ো তাড়াতাড়ি!
ব্যাংক

ডাকাত!

সাবু! ঐ যে রাকা! ওকে ধরো!

হু-হুবা!

ধাঁয়! ধাঁয়!!
তোর ওপর আগের বদলো নেব এখন।

ওহো হ!

ট্রাক ফুল স্পীডে চালাও!

ধড়াক্ ক্
ওহোহ!

আমি ওকে মেরে ফেলব!

রাকার সাথে শত্রুতা করার ফল হবে অকালে
অপমৃত্যু!
ধাঁয়! ধাঁয়!!

ধড়াক্ ক্!
এর স্বাদটা একটু চেখে দেখ!

ফটাক্!

ইন্‌সপেক্টর! একে বন্দী করে রাখুন। ব্যাংক লুঠ করে পালাচ্ছিলে!
www.Banglapdfboi.com Exclusive!

ভেতরে চলো!
রাকা খুব হিংস্র ডাকাত! ও জেল থেকে পালানোর চেষ্টা করবে।
চাচা চৌধুরী! আমি সিকিউরিটি আর বাড়িয়ে দিচ্ছি!
সেন্ট্রাল জেল

ডিক্টেটর হতে যাচ্ছিলাম, কিন্তু কোথায় এসে পড়লাম!

এরা আমাদেরকে বেশীক্ষন বন্দী করে রাখতে পারবে না! আমাকে একটু ভাবতে দাও!

আমাদের কুঠুরীর নীচে থেকে জলের কলকল শব্দ আসছে!

তার মানে?

নীচে নদী বয়ে যাচ্ছে! তুমি পাথরের এই দু-তিনটে প্লেট সরাতে পারলে এখান থেকে পালাবার রাস্তা বেরিয়ে যাবে!

ওদিকে_

চাচা চৌধুরী! রাকা আর ওর সাথীটা জেল থেকে পালিয়ে গেছে!

কি সর্বনাশ! এটা খুবই বিপজ্জনক ব্যাপার দেখছি!

আবু! চলো! রাকা কোন অঘটন ঘটানোর আগেই ওকে আমরা খুঁজে বের করি!
www.Banglapdfboi.com Exclusive!

ওরা এই পাথরের স্লাব উঠিয়ে পালিয়েছে! বকেট রাকার গন্ধ নিচ্ছে!

আমাদেরকে কুকুরের পেছু-পেছু যেতে হবে!

ও ডাকাতকে খুঁজে বের করবে!

চাচাজী! আমরা অন্য কোথাও চলে যাব না তো?
না! কুকুরের ঘ্রানশক্তি খুব প্রখর হয়!

ওদিকে—
আমরা সেখানে গিয়ে পৌঁছব, যেখানে ভারতের মিসাইলের ভাণ্ডার রয়েছে!
থামো! এটা হল ডিফেন্সের সুরক্ষিত এরিয়া!
গাড়ী না থামালে করবেটা কি?
আমার গুলি চালানোর

র‍্যাট! র‍্যাট!!
র‍্যাট!!!
তার আগেই আমি তোমাকে যমালয়ে পৌঁছে দেব!
আউউউ!

অনুপ্রবেশকারীদের ওপর গুলি চালাও!
র‍্যাট! র‍্যাট টাট্ ট!
হো! হো!!

এবার আমার পালা!
ধ্রাঁয়! ধ্রাঁয়!!

সব মারা গেছে! এবার এগোও!

সামনে দেখ!

এসব হল ভারতের বিধ্বংসী মিসাইল, যেটা আড়াই হাজার কিলোমিটার দূরের লক্ষ্যবস্তুতে আঘাত করতে পারে।

প্রতিবেশী দুটো দেশের মধ্যে যুদ্ধ বাঁধিয়ে দেব!
সব বিধ্বস্ত হয়ে গেলে সেই সব দৃশ্য দেখার মত হবে!

রকেট আমাদেরকে ডিফেন্স এরিয়ার দিকে নিয়ে যাচ্ছে।

পাকিস্তানের ওপর প্রথম
মিসাইলে ফায়ার
করি!

তখনই
তডাক!
আমার
হাত!

আমি ঐ
কুকুরটাকে
গুলি করে মেরে
দিই!

তুই কিছুই করতে পারবি না! তুই আমার
প্যাঁচে পড়ে গেছিস!

রাকা জোরে একটা
ঝাকানি দেয়
আমি কারোর
কবল থেকে
নিজেকে মুক্ত
করতে
জানি!

র‍্যাট্ ট্যাট্ ট্ ট!
এই স্টেনগানের গুলি তোকে পরলোকে পাঠিয়ে দেবে।
তোকে অস্ত্রহীন করতে হবে!
ধড়াক্ ক!
আউউ উ!

অনেক হয়েছে! আগে আমি তোকে শেষ করব আর তারপর মিসাইল ফায়ার করব!

ওপরে ধূমকেতু!
কোথায়?

এখানে!
ধড়াক!
আউ উঁ!

চাচা চৌধুরী! ওকে আমার হাতে দিয়ে দিন!
একে নিয়ে যান!

আমাকে নীচে নামাও!
রাকার এখন কি করব?
এ হলো গোটা মানবজাতির বিভীষিকা আর ধ্বংসের কারণ! একে এমন এক জায়গায় পাঠাতে হবে যেখান থেকে ফিরতে না পারে।

হ্যাঁ!! ওঁকে রাজস্থানের পোখরানে নিয়ে গেলে কেমন হয়? ওখানে এ্যাটম বোমা ফাটানো হয়েছিল। তার ফলে জমিতে গভীর **গর্ত** হয়ে গেছে। একে সেখানে ফেলে দিতে হবে!

মাটি আর বালি সরালে গভীর গর্ত বেরিয়ে আসবে!

আমাকে ছেড়ে দাও! আমাকে ছেড়ে...
ওকে ওটার মধ্যে ফেলে দাও!

অ আ ঈ ঈ ঈ...

ওটা মাটি ফেলে ভরাট করে দেওয়া হয়। তাতে ফুলের চারা গজায়।
লোকে রাকার আতংক থেকে মুক্ত হবে!